24

দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 FEB 1998
পৃষ্ঠা ২ কলাম ৬

# পরিচ্ছন্ন বইমেলা জমে উঠেছে; কিছু নতুন প্রকাশনা দৃষ্টি কেড়েছে

জনকণ্ঠ রিপোর্ট

বাংলা একাডেমীর অমর একুশে বইমেলা দিনে দিনে জমে উঠছে। প্রতিদিনই ভিড় বাড়ছে মেলায়। একাডেমীর সামনের সড়কে দোকানপাট নেই। লোকজন সরাসরি যানবাহন নিয়ে প্রবেশ করতে পারছে

(১১ পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(প্রথম পাতার পর) **পরিচ্ছন্ন বইমেলা**

মেলার গেটমুখে। প্রবেশ ও বের হবার তোরণও ভিন্ন। ফলে আগের মতো হুড়াহুড়ি নেই। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সদা সতর্ক। সম্মিলিত সাংস্কৃতিক জোট ও বিভি ছাত্রসংগঠনের নেতাকর্মীরাও বসছেন নিয়ন্ত্রণ কেন্দ্রে আবাল-বৃদ্ধ-বনিতা নেড়েচেড়ে বই কিনছেন নির্বিঘ্নে।

এবারের বইমেলার সার্বিক পরিচ্ছন্নতা নজর কাড়ার মতো গত কয়েকদিন বইপাগল মানুষের সমাগমে মুখরিত হলেও ধুলার যেন দেখা নেই। দফায় দফায় পানি ছিটানোর ফলে ধুলা উড়তে পারেনি। পরিচ্ছন্ন পরিবেশ ছাড়াও এবারের মেলায় দর্শকদের দৃষ্টি কেড়েছে বেশ কয়েকটি স্টলসজ্জায় আগামী ও সন্ধানী প্রকাশনীর স্টল মনোরম। অন্যান্য স্টলের মধ্যে পার্ল পাবলিকেশন্স, ব্র্যাক, মঙ্গলসন্ধ্যা, বিশ্বসাহিত্য কেন্দ্র, পাঠক সমাবেশ বেশ দৃষ্টিনন্দন করে সাজানো হয়েছে।

এতকিছুর মধ্যেও কোথায় যেন ফাঁক। বইমেলার ব্যবস্থাপনা কমিটি মেলার নিয়মনীতি কঠোরভাবে অনুসরণের ঘোষণা দিলেও 'লেখককুঞ্জ'-এর ব্যাপারে নীতিমালা বাস্তবায়ন করতে পারেনি। প্রতিবছরের মতো এবারও 'লেখককুঞ্জে' লেখক খুঁজে পাওয়া যাচ্ছে না। নানা পেশার মানুষের চ স্টলটিতে 'লেখককুঞ্জ' সাইনবোর্ড যেন লেখকদের সঙ্গে উপহাস। মূলত লেখকরা ব্যাপকভাবে মেলায় আসা শুরু করেনি। যারা আসছেন তারা নিজ নিজ প্রকাশকের স্টলে বসছেন।